

সার্কুলার নং-১১/২০২২(৪১৮৯)

তারিখ: ১১/১০/২০২২ খ্রি.

শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয়: নগদ অর্থ ব্যবস্থাপনা প্রসঙ্গে।

নগদ ক্যাশ বা টাকা হচ্ছে অত্যন্ত সংবেদনশীল বিষয়। তাই এই ক্যাশ ব্যবস্থাপনা অত্যন্ত সতর্কতা ও গুরুত্বের সাথে বিবেচনা করা জরুরি ও আবশ্যিক। সুতরাং ক্যাশে সম্ভাব্য সকল ধরনের ঝুঁকি, অনিয়ম ও আত্মসাৎ-এর প্রবণতা সতর্কতার সাথে পরিহার করা অপরিহার্য। এজন্য ক্যাশ সংশ্লিষ্ট সকল নির্দেশনা ও নিয়মনীতি কঠোরভাবে অনুসরণ করার বিকল্প নেই। এমতাবস্থায়, শাখা পর্যায়ে ক্যাশ ব্যবস্থাপনার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:


ক) পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ে সঞ্চয় ও ঋণের কিস্তি আদায়ে মাঠ সহকারীগণ নিয়োজিত আছেন। অনেক সময় দেখা যায় মাঠ সহকারীগণ আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তি শাখায় জমা না দিয়ে দীর্ঘদিন যাবৎ হস্তমজুদ রাখে যা আর্থিক শৃংখলার পরিপন্থী। এমতাবস্থায়, মাঠ সহকারী কর্তৃক আদায়কৃত নগদ অর্থ আদায়ের দিনেই শাখায় জমা করতে হবে। আদায়কৃত নগদ অর্থ আদায়ের দিন কোন কারণে জমা করা সম্ভব না হলে পরবর্তী কর্মদিবসে বাধ্যতামূলকভাবে শাখায় জমা করতে হবে। পল্লী সঞ্চয় ব্যাংকের মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস 'পল্লী লেনদেন' এর মাধ্যমে জমার ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে গৃহীত নগদ অর্থ পল্লী লেনদেন ম্যানেজার কর্তৃক তাৎক্ষণিক 'পল্লী লেনদেন' এর মাধ্যমে জমা করতে হবে।

খ) মাঠ সহকারী ও সদস্যদের জমাকৃত অর্থ ক্যাশ কাউন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (কম্পিউটার অপারেটর/ক্যাশ সহকারী) কর্তৃক সঠিকভাবে হিসাবভুক্ত করতে হবে। দৈনিক লেনদেন শেষে কোন কারণে শাখায় অতিরিক্ত ক্যাশ পাওয়া গেলে তা 'সান্ডি ডিপোজিট একাউন্ট' হিসাবে জমা করতে হবে। গৃহীত নগদ অর্থ বিকাল ৪.০০ (চার) ঘটিকার মধ্যে অনুমোদিত সার্ভিসিং ব্যাংকে জমা করতে হবে। কোন অবস্থায় হাতে নগদ অর্থ রাখা যাবে না।

গ) ক্যাশ কাউন্টারের মধ্যে গ্রাহক/জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ এবং ক্যাশ কাউন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্যান্যদের প্রবেশাধিকার সংরক্ষণ ও নিয়ন্ত্রণ করতে হবে। শাখায় লেনদেন চলাকালীন কোন কারণে ক্যাশ কাউন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (কম্পিউটার অপারেটর/ক্যাশ সহকারী) ক্যাশ অরক্ষিত রেখে ক্যাশ কাউন্টার ত্যাগ করতে পারবে না। গ্রাহকদের ক্যাশ কাউন্টার ত্যাগ করার পূর্বে গৃহীত নগদ অর্থ সঠিক ও যথাযথভাবে বুঝে ও গণনা করে নেয়ার অনুরোধ ও পরামর্শ সম্বলিত বিজ্ঞপ্তি 'গৃহীত নগদ টাকা সঠিক ও যথাযথভাবে বুঝে ও গণনা করে নেয়ার অনুরোধ করা হলো' গ্রাহক সেবার স্বার্থে ক্যাশ কাউন্টারের সম্মুখে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

০২। উপযুক্ত নির্দেশনাগুলো বাস্তবায়নে কোনরূপ ব্যত্যয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে যথাযথ প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। ব্যাংকের স্বার্থে উপরোক্ত নির্দেশনাগুলো অবিলম্বে কার্যকর হবে।


১১/১০/২০২২
দীপংকর রায়
মহাব্যবস্থাপক
কুমিল্লা

সার্কুলার নং-১১/২০২২(৪১৮৯)

তারিখ: ১১/১০/২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। ঋণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।
- ০৬। অফিস নথি।